

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩৩৮  
ছৈলেংটা, ২৪ সেপ্টেম্বর, ২০২৪

**লংতরাইভ্যালি মহকুমায় মেগা আইন সেবা শিবির**

ধলাই জেলার অন্তর্গত লংতরাইভ্যালি মহকুমার মাধবচন্দ্র উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে সম্প্রতি এক মেগা আইন সেবা শিবির অনুষ্ঠিত হয়। লংতরাইভ্যালি মহকুমা আইন সেবা কমিটির সহায়তায় ধলাই জেলা আইন সেবা কর্তৃপক্ষ এই শিবিরের আয়োজন করে। শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করে ধলাই জেলার জেলা ও দায়রা আদালতের বিচারপতি গৌতম সরকার সাধারণ মানুষ কিভাবে আইনি সহায়তা পেতে পারেন সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ও দায়রা আদালতের বিচারপতি অংশুমান চৌধুরী, ধলাই জেলার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ডি পি মিশ্র, ধলাই জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা সুভাষ আচার্য, ধলাই জেলার অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মহকুমা আইনি সেবা কমিটির চেয়ারম্যান অবিলাস জমতিয়া। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন মহকুমা আইনি সেবা কমিটির সদস্য সচিব অক্ষয় মুখার্জি। মেগা আইন সেবা শিবিরের পাশাপাশি এদিন ধলাই জেলা হাসপাতালের উদ্যোগে এক স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। তাছাড়াও অনুষ্ঠিত হয় প্রশাসনিক শিবিরেরও। প্রশাসনিক শিবিরে ১৩ জনকে ই-শ্রম কার্ড দেওয়া হয় এবং এনএসকেপি'র জন্য ১২টি আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে ১,৪২২টি গবাদি প্রাণী ও পাখির চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। এতে ৬৪টি পরিবার উপকৃত হয়েছে। এছাড়া ধলাই জেলার ডিডিআরসি'র পক্ষ থেকে ১৪ জন দিব্যাঙ্গজনের মধ্যে হুইল চেয়ার, শ্রবণ যন্ত্র ও চলনসামগ্রী বিতরণ করা হয়।

\*\*\*\*\*